# মিশকাতুল মাসাবীহ (মিশকাত)

হাদিস নাম্বারঃ ৪০৯৮

পর্ব-২০: শিকার ও যাবাহ প্রসঙ্গে (كتاب الصيد والذبائح)

পরিচ্ছেদঃ ১. প্রথম অনুচ্ছেদ - কুকুর সম্পর্কে বর্ণনা

بَابُ ذِكْرِ الْكَلْبِ

আরবী

عَنِ ابْنِ عُمَرَ قَالَ: قَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسلم: «مَنِ اقْتَنَى كَلْبًا إِلَّا كَلْبَ مَاشِيَةٍ أَوْ ضَارٍ نَقَصَ مِنْ عَمَلِهِ كُلَّ يَوْمٍ قِيرَاطَانِ»

বাংলা

৪০৯৮-[১] ’আবদুল্লাহ ইবনু ’উমার (রাঃ) হতে বর্ণিত। তিনি বলেন, রসূলুল্লাহ সাল্লাল্লাহু আলাইহি ওয়াসাল্লাম বলেছেনঃ যে ব্যক্তি গবাদিপশু পাহারাদানকারী কিংবা শিকারী কুকুর ছাড়া অন্য কোন কুকুর পোষে, প্রতিদিন তার ’আমল হতে দু’ ক্বীরাত্ব পরিমাণ হ্রাস পাবে। (বুখারী ও মুসলিম)[1]

ফুটনোট

[1] সহীহ : বুখারী ৫৪৮২, মুসলিম ৪১০৬, তিরমিযী ১৪৮৭, ইবনু মাজাহ ৩২০৫, আল মু‘জামুল কাবীর লিত্ব ত্ববারানী ১৩০১৫, দারিমী ২০০৪, নাসায়ী ৪২৮৪, মুসনাদুশ্ শাফি‘ঈ ৬৮১, মুসান্নাফ ইবনু আবূ শায়বাহ্ ৪৫, মুওয়াত্ত্বা মালিক ৩৫৫৪, সহীহ আত্ তারগীব ওয়াত্ তারহীব ৩১০০।

ব্যাখ্যা

ব্যাখ্যাঃ কুকুর পালন করলে নেকী কমে যাওয়ার কারণ নিয়ে ‘উলামার মাঝে মতপার্থক্য রয়েছে। কারো মতে বাড়ীতে কুকুর থাকলে মালাক (ফেরেশতা) না প্রবেশ করার কারণে নেকী কমে যাবে। কেউ কেউ বলেছেন, কুকুর প্রতিপালনের কারণে পথ চলা ব্যক্তিদের যে ক্ষতি পৌঁছে তার কারণে নেকী কমবে। আবার কারো মতে, এটি কুকুর পালনকারীর শাস্তিস্বরূপ, কারণ শিকারী কিংবা সেচন কাজে ব্যবহার ছাড়া কুকুর প্রতিপালন নিষেধ, এটি অমান্য করার কারণে তার ‘আমল থেকে নেকী কমতে থাকবে। আল্লাহই ভালো জানেন। (শারহুন নাবাবী ১০ম খন্ড, হাঃ ১৫৭৪/৫০)

হাদিসের মান: তাহকীক অপেক্ষমাণ পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিস একাডেমি  বর্ণনাকারীঃ আবদুল্লাহ ইবন উমর (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=74821

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন